

## পরিপত্র :

বিষয়: দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স আয়োজন ও প্রশিক্ষণার্থী প্রেরণ সম্পর্কীয়।


গত ০৯ আগস্ট, ২০১৬ বাংলাদেশ স্কাউটস এর সাথে United Nations Development Programme (UNDP) এর সাথে STANDARD LETTER OF AGREEMENT (LOA) on Capacity Building Support to Bangladesh Scouts to responds to Disaster Emergencies under early recovery facility (ERF) প্রকল্পের চুক্তি স্বাক্ষর হয়েছে। চুক্তি অনুযায়ী আগামী ডিসেম্বর, ২০১৬ মাসের মধ্যে ২২টি দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন করা হবে। চুক্তির প্রথম ধাপে ১০টি দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন করা হবে। বাংলাদেশ স্কাউটস-এর জাতীয় সদর দফতরের পরিচালনায় এবং ইউএনডিপি এর অর্থায়নে নিম্নোক্ত সিডিউল অনুযায়ী প্রথম ধাপের ১০টি কোর্স ১০টি জেলায় দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে।

প্রতিটি কোর্সে সংশ্লিষ্ট জেলা রোভার থেকে ২৪জন রোভার স্কাউট, ০৮ জন গার্ল-ইন-রোভার স্কাউট, ০২ জন পুরুষ রোভার স্কাউট লিডার, ০২ জন মহিলা রোভার স্কাউট লিডার, সংশ্লিষ্ট জেলা স্কাউটস থেকে ০১জন পুরুষ স্কাউট লিডার, ০১জন পুরুষ কাব লিডার, ০১জন মহিলা স্কাউট লিডার ও ০১জন মহিলা কাব লিডারসহ সর্বমোট ৪০জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণের সুযোগ পাবেন। দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক বিধায় কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণকে সার্বক্ষণিকভাবে কোর্স ভেন্যুতে অবস্থান করতে হবে। প্রশিক্ষণার্থীগণের থাকা ও খাওয়ার ব্যবস্থা কোর্স কর্তৃপক্ষ করবেন এবং অংশগ্রহণকারীদেরকে কোর্স ফি প্রদান করতে হবে না। প্রশিক্ষণার্থীগণকে কোর্স থেকে বাতায়ত খরচ প্রদান করা হবে।

ক্রমিক নং	জেলার নাম	কোর্সের প্রস্তাবিত তারিখ	কোর্সের স্থান
০১	সিলেট	২৮ আগস্ট-০১ সেপ্টেম্বর, ২০১৬	আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, লক্ষ্মণাবন্দ, গোলাপগঞ্জ, সিলেট
০২	মানিকগঞ্জ	২৮ আগস্ট-০১ সেপ্টেম্বর, ২০১৬	জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর
০৩	ময়মনসিংহ	২৮ আগস্ট-০১ সেপ্টেম্বর, ২০১৬	আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মুক্তাগাছা, ময়মনসিংহ
০৪	মৌলভীবাজার	২২-২৬ সেপ্টেম্বর, ২০১৬	আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, লক্ষ্মণাবন্দ, গোলাপগঞ্জ, সিলেট
০৫	গাইবান্ধা	২২-২৬ সেপ্টেম্বর, ২০১৬	আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, নওদাপাড়া, বগুড়া
০৬	ফেনী	২২-২৬ সেপ্টেম্বর, ২০১৬	আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, লাইমাই, কুমিল্লা
০৭	মাগুরা	২৫-২৯ সেপ্টেম্বর, ২০১৬	আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, পুলের হাট, যশোর
০৮	চট্টগ্রাম	২৯ সেপ্টেম্বর-০৩ অক্টোবর, ২০১৬	রোভার অ্যাডভেঞ্চার প্রশিক্ষণ কেন্দ্র, কানুনগোপাড়া, বোয়ালখালী, চট্টগ্রাম
০৯	মুন্সীগঞ্জ	০৬-১০ অক্টোবর, ২০১৬	রোভার স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, বাহাদুরপুর, গাজীপুর
১০	রাজবাড়ী	২০-২৪ অক্টোবর, ২০১৬	জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

এমতাবস্থায়, বর্ণিত সিডিউল অনুযায়ী প্রতিটি ভেন্যুতে সংশ্লিষ্ট জেলা রোভার ও জেলা স্কাউটস থেকে নির্ধারিত কোটা অনুযায়ী ৪০ জন প্রশিক্ষণার্থী চূড়ান্তভাবে মনোনীত করে তাদেরকে কোর্স শুরু দিন বিকাল ৪-০০ টার মধ্যে স্কাউট পোশাক ও নিত্যব্যবহার্য দ্রব্যাদিসহ কোর্স ভেন্যুতে উপস্থিত হওয়ার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বর্ণিত কোর্সসমূহ সুষ্ঠু ও সফল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করি।



(আরশাদুল মুকাদ্দিস)

নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ স্কাউটস।

## বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, রোভার/ঢাকা/খুলনা/চট্টগ্রাম/সিলেট/দিনাজপুর অঞ্চল, বর্ণিত কোর্সসমূহ আয়োজন, নির্ধারিত সংখ্যক প্রশিক্ষণার্থী প্রেরণ ও উপস্থিতি নিশ্চিত করাসহ সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো ;
- ১। আঞ্চলিক উপ কমিশনার (সমাজ উন্নয়ন), বাংলাদেশ স্কাউটস, রোভার/ঢাকা/খুলনা/চট্টগ্রাম/সিলেট/দিনাজপুর অঞ্চল;
- ২। আঞ্চলিক পরিচালক/উপ-পরিচালক, বাংলাদেশ স্কাউটস ঢাকা/খুলনা/চট্টগ্রাম/সিলেট/দিনাজপুর/রোভার অঞ্চল। বর্ণিত দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্সসমূহে তাঁর অঞ্চলের আওতাধীন জেলাসমূহে থেকে নির্ধারিত সংখ্যক প্রশিক্ষণার্থী প্রেরণ এবং তাঁদের উপস্থিতি নিশ্চিত করতে সহায়তা করার জন্য অনুরোধ করা হলো;
- ৩। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সিলেট/মানিকগঞ্জ/ময়মনসিংহ/মৌলভীবাজার/গাইবান্ধা/ফেনী/মাগুরা/চট্টগ্রাম/মুন্সীগঞ্জ/রাজবাড়ী জেলা ও জেলা রোভার। বর্ণিত কোর্সসমূহ আয়োজন, তাঁর জেলা রোভার/জেলা স্কাউটস থেকে নির্ধারিত সংখ্যক প্রশিক্ষণার্থী প্রেরণ ও উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

## সদয় জ্ঞাতার্থে :

- ১। জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন), বাংলাদেশ স্কাউটস।